যুগান্তর

তারিখ ...
পৃষ্ঠা ২ কলাম ৩

09 2002

# ছাত্র ইউনিয়নের স্কুল ধর্মঘট পালন

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

আদমজী জুট মিলের স্কুলগুলোর ৬ হাজার ছাত্রছাত্রীর শিক্ষাজীবন রক্ষার দাবিতে ছাত্র ইউনিয়ন গতকাল সারাদেশে স্কুলে ছাত্র ধর্মঘট পালন করেছে। ধর্মঘট চলাকালে নগরীতে বিভিন্ন স্কুলের ছাত্রছাত্রীরা মিছিল করেছে। মিছিল শেষে মুক্তাঙ্গনে সমাবেশ অনুষ্ঠিত হয়। মিরপুর আদর্শ উচ্চ বিদ্যালয়ের ছাত্রী পপি আক্তারের সভাপতিত্বে সমাবেশে ছাত্র ইউনিয়নের কেন্দ্রীয় নেতা নূর আলম, সাজেদুল হক রুবেল, রাজু আহমেদ, আসাদুজ্জামান মাসুম, গোলাম রাব্বী খান, আসাদুজ্জামান আসাদ প্রমুখ বক্তৃতা করেন। তারা বলেন, শ্রমিকদের রুটি-রুজির পথ বন্ধ করে তাদের সন্তানদের যে কোন স্কুলে ভর্তির সুযোগ দেয়ার ঘোষণা প্রহসন ছাড়া আর কিছু নয়।